গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.০০.১৮০.১৫/১০৫৯

তারিখঃ ০২-০৪-২০২৪ইং

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ মোঃ আমিনুল ইসলাম, প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বিষয়ঃ জেডিপিসি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নে ই-ফাইলে নোট নিষ্পত্তি সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারী থেকে মার্চ) প্রতিবেদন প্রেরণ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জেডিপিসি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নে ৪.১.১ নং সূচকের কার্যক্রম অনুযায়ী ই-ফাইলে (জানুয়ারী থেকে মার্চ) নোট নিষ্পত্তির হার ৯৪.০৩%। এ সংক্রান্ত প্রতিবেদন (সমন্বয় সভার কার্যবিবরনীসহ) সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

02.04.2024
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.৯৯.২২৮.২১/৩৪(৩)

তারিখ: ০৫ ফেব্রয়ারী ২০২৪

বিষয়ঃ ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ০১ থেকে ৩১ জানুয়ারী/২০২৪ তারিখ পর্যন্ত জেডিপিসি'র ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলোঃ

| ক্রমিক নং | দপ্তরের নাম | মাসের নাম | মোট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য | | | ডি-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জেডিপিসি | জানুয়ারী/২০২৪ | হার্ড-নথিতে নিষ্পত্তি | ডি-নথিতে নিষ্পত্তি | মোট নিষ্পত্তি | |
| - | - | - | ০১টি | ১৫টি | ১৬ টি | ৯৪.১২% |

05.02.2024
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোছাঃ আকতারুন নেছা,সিনিয়র সহকারি সচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা।

জানুযালী ২০২৪ মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণঃ

| গত মাসের জের | আলোচ্য মাসের প্রাপ্তি | আলোচ্য মাসের নিষ্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | অনিষ্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এক সপ্তাহের অধিক কিন্তু দুই সপ্তাহের বেশি নয় | এক সপ্তাহের অধিক কিন্তু এক মাসের বেশি নয় | এক মাসের অধিক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| - | ১৬ | ১৫ | ০ | ০ | - | - | চলতি মাসে প্রাপ্ত ১৬টি পত্রের মধ্যে ১৫টি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে। বাকী ০১টি পত্র হার্ড-নথিতে নিষ্পন্ন করা হয়েছে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

# জেডিপিসি'র জানুয়ারি/২০২৪ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | গোপাল চন্দ্র দাশ<br>যুগ্মসচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | জেডিপিসি'র সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ২০-০১-২০২৪খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকাঃ **পরিশিষ্ট-'ক'**।

২। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩। আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.১ | **জেডিপিসি'র ডিসেম্বর, ২০২৩-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।** | ডিসেম্বর, ২০২৩-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এ বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | জেডিপিসি'র ডিসেম্বর, ২০২৩-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| ৩.২ | **জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের আধুনিকায়নের প্রয়োজনীয় ব্যবস্থা।** | পরিচালক (এমআরপি) জানান, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের বহুমুখী পাটপণ্য সামগ্রী বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন। সে ক্ষেত্রে অফলাইন এবং অনলাইন এর মাধ্যমে প্রচারণা বাড়াতে হবে।<br><br>সভাপতি জানান, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের বহুমুখী পাটপণ্য সামগ্রী বিক্রয়ের পরিমাণ অফলাইন এবং অনলাইনে প্রচারের মাধ্যমে বৃদ্ধি করতে হবে। জেডিপিসি'র ক্যালেন্ডার তৈরিপূর্বক শিক্ষাপ্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানে বিতরণ করতে হবে। তাছাড়া বহুমুখী পাটপণ্যের ওপর লিফলেট তৈরি করে মেলা চলাকালীন সময়ে এবং অন্যান্য প্রতিষ্ঠানে নিয়মিত বিতরণ করতে হবে। | ১। বহুমুখী পাটপণ্য সামগ্রী বিক্রয়ের পরিমাণ অফলাইন এবং অনলাইনে প্রচারের মাধ্যমে বৃদ্ধি করতে হবে।<br>২। জেডিপিসি'র ক্যালেন্ডার তৈরিপূর্বক শিক্ষাপ্রতিষ্ঠান সহ অন্যান্য প্রতিষ্ঠানে বিতরণ করতে হবে।<br>৩। বহুমুখী পাটপণ্যের ওপর লিফলেট তৈরি করে মেলা চলাকালীন সময়ে এবং অন্যান্য প্রতিষ্ঠানে নিয়মিত বিতরণ করতে হবে। |
| ৩.৩ | **জেডিপিসিতে প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের তথ্য সংরক্ষণ।** | ম্যানেজার অপারেশন জনাব মোঃ জাফর সাদেক জানান, আগত ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের সেবা সম্পর্কে ইতিবাচক মন্তব্য প্রদান করেন।<br><br>সভাপতি জানান, প্রতিমাসে যে সকল ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগমন করেন তাদের লিপিবদ্ধকৃত মতামত সভায় উপস্থাপন করতে হবে। | প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের সেবা সম্পর্কে মতামত লিপিবদ্ধ করে প্রাপ্ত মতামতের সার-সংক্ষেপ প্রতি সভায় উপস্থাপন করতে হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.৪ | Raw Material Bank (RMB) | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং ফাইন জুট ফেব্রিক্স (এফজেএফ) ক্রয় করার ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>সভাপতি দ্রুততম সময়ের মধ্যে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং এফজেএফ ক্রয়ের পরামর্শ প্রদান করেন। তাছাড়া সকল জেইএসসিতে ফেব্রিক্স বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করতে হবে এবং নিজস্ব অর্জিত আয় দ্বারা জেইএসসি পরিচালনার ব্যয় বহন করতে হবে। | ১। দ্রুততম সময়ের মধ্যে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স ও এফজেএফ ক্রয় সম্পন্ন করতে হবে।<br>২। জেইএসসি ফেব্রিক্স বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করতে হবে এবং নিজস্ব অর্জিত আয় দ্বারা জেইএসসি পরিচালনার ব্যয় বহন করতে হবে। |
| ৩.৫ | ডি-নথি কার্যক্রম। | ব্যক্তিগত কর্মকর্তা জনাব হান্নান মিয়াজী জানান, জেডিপিসিতে প্রাপ্ত পত্রসমূহ ডি-নথিতে উপস্থাপন করা হচ্ছে। চলতি মাসে ৯২.৫% কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন হয়েছে।<br><br>সভাপতি প্রাপ্ত পত্রসমূহ ডি-নথির মাধ্যমে উপস্থাপন করে কার্যক্রমের ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী কার্যক্রম ডি-নথিতে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। |
| ৩.৬ | প্রশিক্ষণ সংক্রান্ত। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী জেইএসসিগুলোতে উদ্যোক্তা প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন।<br><br>সভাপতি জানান, জেইএসসিগুলোতে উদ্যোক্তা প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। | জেইএসসিগুলোতে উদ্যোক্তা প্রশিক্ষণের আয়োজন করতে হবে। |
| ৩.৭ | বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন। | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন করা প্রয়োজন।<br><br>সভাপতি জাতীয় পাট দিবস/২০২৪ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিতব্য বহুমুখী পাটপণ্যের মেলা, ময়মনসিংহ জেলায় মেলা এবং জেডিপিসি'র প্রাঙ্গণে মেলা আয়োজন করার পরামর্শ প্রদান করেন। | জাতীয় পাট দিবস/২০২৪ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিতব্য বহুমুখী পাটপণ্যের মেলা, ময়মনসিংহ জেলায় মেলা এবং জেডিপিসি'র প্রাঙ্গণে মেলা আয়োজন করতে হবে। |
| ৩.৮ | উদ্যোক্তা নিবন্ধন। | পার্সোনাল অফিসার সৈয়দ জাকারিয়া জানান, উদ্যোক্তা নিবন্ধন ফি, নবায়ন ফি এবং উদ্যোক্তা সনদপত্রের ফি বৃদ্ধি করা প্রয়োজন। তাছাড়া উদ্যোক্তাগণ প্রতি বছর নবায়ন না করেন তা হলে নিবন্ধন বাতিল করা যেতে পারে।<br><br>সভাপতি জানান, উদ্যোক্তা নিবন্ধন ফি ১০০০/- (এক হাজার) টাকা (দুই বছরের জন্য), নবায়ন ফি ৫০০/- (পাঁচশত) টাকা এবং উদ্যোক্তা সনদপত্রের ফি ১০০০/- (এক হাজার) টাকা পুনঃনির্ধারণ করার পরামর্শ প্রদান করেন। | ১। উদ্যোক্তা নিবন্ধন ফি ১০০০/- (এক হাজার) টাকা (দুই বছরের জন্য), নবায়ন ফি ৫০০/- (পাঁচশত) টাকা এবং উদ্যোক্তা সনদপত্রের ফি ১০০০/- (এক হাজার) টাকা পুনঃনির্ধারণ করা হলো।<br>২। উদ্যোক্তাগণ প্রতি বছর নবায়ন না করেন তা হলে নিবন্ধন বাতিল করা হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.৯ | **জেডিপিসি'র কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা।** | কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে নিয়মিত উপস্থিতির সম্পর্কে সভাপতি বলেন, আদেশ লঙ্ঘনকারীর বিরুদ্ধে গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সকাল ৯:০০ ঘটিকার মধ্যে অবশ্যই সকলকে অফিসে উপস্থিত থাকতে হবে। | গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ অনুসারে সকলকে সময়মত অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে। এর অন্যথা হলে আইন অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ৩.১০ | **বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর।** | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর হওয়া প্রয়োজন।<br><br>সভাপতি দ্রুততম সময়ের মধ্যে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | দ্রুততম সময়ের মধ্যে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক করতে হবে। |
| ৩.১১ | ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৪ | সভাপতি জানান, রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক আয়োজিত ২১ জানুয়ারি/২০২৪ তারিখ থেকে মাসব্যাপী ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৪ শুরু হতে যাচ্ছে। মেলায় জেডিপিসি ৩৬'x১৭' আয়তনের ৫২টি সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন (RMP) বরাদ্দ নিয়ে তার মধ্যে ২২টি স্টল তৈরি করে জেডিপিসি'র তালিকাভুক্ত উদ্যোক্তাদের বরাদ্দ দিয়ে মেলায় অংশগ্রহণ করছে। জেডিপিসি'র এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ রোস্টার অনুসারে প্যাভিলিয়নে দায়িত্ব পালন করবেন। প্রতিদিন দায়িত্ব পালনের জন্য অফিসারগণ ১,৫০০/- (পনের শত) টাকা, অফিস সহায়ক এবং গাড়ী চালকগণ যথাক্রমে ১০০০/- (এক হাজার) টাকা হিসেবে পাবেন। উল্লেখ্য, গাড়ী চালকগণ উক্ত সময়ের জন্য কোন ওভার টাইম পাবেন না। | জেডিপিসি'র এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীগণ রোস্টার অনুসারে প্যাভিলিয়নে দায়িত্ব পালন করবেন। প্রতিদিন দায়িত্ব পালনের জন্য অফিসারগণ ১,৫০০/- (পনের শত) টাকা, অফিস সহায়ক এবং গাড়ী চালকগণ যথাক্রমে ১০০০/- (এক হাজার) টাকা হিসেবে পাবেন। গাড়ী চালকগণ উক্ত সময়ের জন্য কোন ওভার টাইম পাবেন না। |

৪। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত) ২৪/০১/২০২৪

(গোপাল চন্দ্র দাশ)
যুগ্মসচিব
ও
নির্বাহী পরিচালক, জেডিপিসি
ফোন-৪৮১২২২৩৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.৯৯.২২৮.২১/ ৬৭

তারিখ: ০৪ মার্চ ২০২৪

বিষয়ঃ ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ০১ থেকে ২৯ ফেব্রুয়ারী/২০২৪ তারিখ পর্যন্ত জেডিপিসি'র ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলোঃ

| ক্রমিক নং | দপ্তরের নাম | মাসের নাম | মোট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য | | | ডি-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জেডিপিসি | ফেব্রুয়ারী/২০২৪ | হার্ড-নথিতে নিষ্পত্তি | ডি-নথিতে নিষ্পত্তি | মোট নিষ্পত্তি | |
| - | - | - | ০১টি | ১১টি | ১২ টি | ৯২.৩১% |

04.03.2024
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোছাঃ আকতারুন নেছা,সিনিয়র সহকারি সচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা।

ফেব্রুয়ারী ২০২৪ মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণঃ

| গত মাসের জের | আলোচ্য মাসের প্রাপ্তি | আলোচ্য মাসের নিষ্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | অনিষ্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এক সপ্তাহের অধিক কিন্তু দুই সপ্তাহের বেশি নয় | এক সপ্তাহের অধিক কিন্তু এক মাসের বেশি নয় | এক মাসের অধিক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| - | ১২ | ১১ | ০ | ০ | - | - | চলতি মাসে প্রাপ্ত ১২টি পত্রের মধ্যে ১১টি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে। বাকী ০১টি পত্র হার্ড-নথিতে নিষ্পন্ন করা হয়েছে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

# জেডিপিসি'র ফেব্রুয়ারি/২০২৪ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | গোপাল চন্দ্র দাশ<br>যুগ্মসচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | জেডিপিসি'র সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ২৮-০২-২০২৪ খ্রিঃ, সকাল ১০:৩০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকাঃপরিশিষ্ট-'ক'।

২। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩। আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.১ | জেডিপিসি'র জানুয়ারি, ২০২৪-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | জানুয়ারি, ২০২৪-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এ বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | জেডিপিসি'র জানুয়ারি, ২০২৪-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| ৩.২ | জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের আধুনিকায়নের প্রয়োজনীয় ব্যবস্থা। | পরিচালক (এমআরপি) জানান, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের বহুমুখী পাটপণ্য সামগ্রী বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির লক্ষ্যে smartjute.com.bd সফটওয়ারটি দ্রুত কার্যক্রম শুরু করা প্রয়োজন।<br>সভাপতি প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের বহুমুখী পাটপণ্য সামগ্রী বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির লক্ষ্যে smartjute.com.bd সফটওয়ারটি পরিচালনা সংক্রান্ত গঠিত কমিটির সদস্যদের প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | বহুমুখী পাটপণ্য সামগ্রী বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির লক্ষ্যে smartjute.com.bd সফটওয়ারটি পরিচালনা সংক্রান্ত গঠিত কমিটি'র সদস্যদের প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। |
| ৩.৩ | জেডিপিসিতে প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের তথ্য সংরক্ষণ। | ম্যানেজার অপারেশন জনাব মোঃ জাফর সাদেক জানান, আগত ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের সেবা সম্পর্কে ইতিবাচক মন্তব্য প্রদান করেন।<br>সভাপতি জানান, প্রতিমাসে যে সকল ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগমন করেন তাদের লিপিবদ্ধকৃত মতামত সভায় উপস্থাপন করতে হবে। | প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের সেবা সম্পর্কে মতামত লিপিবদ্ধ করে প্রাপ্ত মতামতের সার-সংক্ষেপ প্রতি সভায় উপস্থাপন করতে হবে। |
| ৩.৪ | Raw Material Bank (RMB) | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, জেইএসসি'র আরএমবিতে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং ফাইন জুট ফেব্রিক্স (এফজেএফ) ক্রয় করা প্রয়োজন।<br>সভাপতি দ্রুততম সময়ের মধ্যে জেইএসসি'র আরএমবিতে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং এফজেএফ ক্রয়ের পরামর্শ প্রদান করেন। | দ্রুততম সময়ের মধ্যে জেইএসসি'র আরএমবিতে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স ও এফজেএফ ক্রয় সম্পন্ন করতে হবে। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.৫ | ডি-নথি কার্যক্রম। | ব্যক্তিগত কর্মকর্তা জনাব হান্নান মিয়াজী জানান, জেডিপিসিতে প্রাপ্ত পত্রসমূহ ডি-নথিতে উপস্থাপন করা হচ্ছে। চলতি মাসে ৯২.৩১% কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন হয়েছে। সভাপতি প্রাপ্ত পত্রসমূহ ডি-নথির মাধ্যমে উপস্থাপন করে কার্যক্রমের ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী কার্যক্রম ডি-নথিতে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। |
| ৩.৬ | প্রশিক্ষণ সংক্রান্ত। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী জেইএসসি ঢাকা, রংপুর এবং জামালপুরে উদ্যোক্তা প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। সভাপতি জেইএসসি ঢাকা, রংপুর এবং জামালপুরে উদ্যোক্তা প্রশিক্ষণ আয়োজনের পরামর্শ প্রদান করেন। | জেইএসসিতে উদ্যোক্তা প্রশিক্ষণের আয়োজন করতে হবে। |
| ৩.৭ | বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন। | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন করা প্রয়োজন। সভাপতি জাতীয় পাট দিবস/২০২৪ উদযাপন উপলক্ষে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য বহুমুখী পাটপণ্যের মেলার সর্বাত্মক সহযোগিতা প্রদান করার জন্য পরামর্শ প্রদান করেন। | জাতীয় পাট দিবস/২০২৪ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিতব্য বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজনের সর্বাত্মক সহযোগিতা প্রদান করতে হবে। |
| ৩.৮ | উদ্যোক্তা নিবন্ধন। | পার্সোনাল অফিসার সৈয়দ জাকারিয়া জানান, গত সভার সিদ্ধান্ত অনুসারে উদ্যোক্তা নিবন্ধন ফি- ১০০০ টাকা, নবায়ন ফি-৫০০ টাকা, সনদ পত্রের ফি-১০০০ টাকা নির্ধারণ করা হয়েছে। নতুন নির্ধারিত ফি অনুযায়ী আবেদনপত্রসমূহ সংশোধনপূর্বক উদ্যোক্তাদের জ্ঞাতার্থে ই-মেইলে প্রেরণ করা হয় এবং জেডিপিসি'র ওয়েব সাইটেও প্রকাশ করা হয়েছে। তিনি আরও জানান উদ্যোক্তা নিবন্ধন নীতিমালাটিরও প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন করা যেতে পারে। সভাপতি উদ্যোক্তা নিবন্ধন ফি-১০০০ টাকা, নবায়ন ফি-৫০০ টাকা, সনদ পত্রের ফি-১০০০ টাকা ই-মেইলে ও ওয়েব সাইটের মাধ্যমে উদ্যোক্তাদের জানানোর পরামর্শ দেন। | নিবন্ধন ফি-১০০০ টাকা, নবায়ন ফি-৫০০ টাকা, সনদ পত্রের ফি-১০০০ টাকা ই-মেইলে ও ওয়েব সাইটের মাধ্যমে উদ্যোক্তাদের জানাতে হবে। |
| ৩.৯ | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক প্রয়োজন। এ লক্ষ্যে বিজেআরআইতে পত্র প্রেরণ করা যেতে পারে। সভাপতি দ্রুততম সময়ের মধ্যে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক সম্পন্ন করার লক্ষ্যে বিজেআরআইতে পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | দ্রুততম সময়ের মধ্যে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক করার লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.১০ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত কার্যক্রম। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, দপ্তর/সংস্থার প্রধান বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে এপিএ টিম লিডারের সাথে, জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার ইত্যাদি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ফোকাল পয়েন্টের সাথে, ইনোভেশন সংক্রান্ত চিফ ইনোভেশন অফিসারের সাথে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে ০১টি সভা করে উক্ত সভার কার্যবিবরণী সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে।<br><br>সভাপতি দপ্তর/সংস্থার প্রধান বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে এপিএ টিম লিডারের সাথে, জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার ইত্যাদি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ফোকাল পয়েন্টের সাথে, ইনোভেশন সংক্রান্ত চিফ ইনোভেশন অফিসারের সাথে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে ০১টি সভা করে উক্ত সভার কার্যবিবরণী সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করার পরামর্শ দেন। | দপ্তর/সংস্থার প্রধান বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে এপিএ টিম লিডারের সাথে, জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার ইত্যাদি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ফোকাল পয়েন্টের সাথে, ইনোভেশন সংক্রান্ত চিফ ইনোভেশন অফিসারের সাথে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে ০১টি সভা করে উক্ত সভার কার্যবিবরণী সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |

৪। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গোপাল চন্দ্র দাশ)
যুগ্মসচিব
ও
নির্বাহী পরিচালক, জেডিপিসি
ফোন-৪৮১২২২৩৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.৯৯.২২৮.২১ – ৯৮

তারিখ: ০১ এপ্রিল ২০২৪

বিষয়ঃ ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ০১ থেকে ৩১ মার্চ/২০২৪ তারিখ পর্যন্ত জেডিপিসি'র ডি-নথি ব্যবহার বিষয়ক প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলোঃ

| ক্রমিক নং | দপ্তরের নাম | মাসের নাম | মোট নিষ্পত্তি সংক্রান্ত তথ্য | | | ডি-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জেডিপিসি | মার্চ/২০২৪ | হার্ড-নথিতে নিষ্পত্তি | ডি-নথিতে নিষ্পত্তি | মোট নিষ্পত্তি | |
| - | - | - | ০১টি | ২১টি | ২২ টি | ৯৫.৬৫% |

01.04.2024
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোছাঃ আকতারুন নেছা,সিনিয়র সহকারি সচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা।

মার্চ ২০২৪ মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণঃ

| গত মাসের জের | আলোচ্য মাসের প্রাপ্তি | আলোচ্য মাসের নিষ্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | অনিষ্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এক সপ্তাহের অধিক কিন্তু দুই সপ্তাহের বেশি নয় | এক সপ্তাহের অধিক কিন্তু এক মাসের বেশি নয় | এক মাসের অধিক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| - | ২২ | ২১ | ০ | ০ | - | - | চলতি মাসে প্রাপ্ত ২২টি পত্রের মধ্যে ১১টি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে। বাকী ০১টি পত্র হার্ড-নথিতে নিষ্পন্ন করা হয়েছে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

## জেডিপিসি'র মার্চ/২০২৪ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | গোপাল চন্দ্র দাশ<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি<br>ও<br>যুগ্মসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | জেডিপিসি'র সম্মেলন কক্ষ, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ৩১-০৩-২০২৪ খ্রিঃ, রবিবার, সকাল ১০:৩০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকাঃ **পরিশিষ্ট-'ক'।**

২। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩। আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.১ | **জেডিপিসি'র ফেব্রুয়ারি, ২০২৪-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।** | ফেব্রুয়ারি, ২০২৪-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এ বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | জেডিপিসি'র ফেব্রুয়ারি, ২০২৪-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| ৩.২ | **জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের আধুনিকায়নের প্রয়োজনীয় ব্যবস্থা।** | পরিচালক (এমআরপি) জানান, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের বহুমুখী পাটপণ্য সামগ্রী বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির লক্ষ্যে smartjute.com.bd এর কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সভাপতি জানান, smartjute.com.bd-এর কার্যক্রম দ্রুত সম্পন্ন করে বহুমুখী পাটপণ্য সামগ্রী বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করতে হবে। তাছাড়া বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার এবং ব্র্যান্ডিং করার জন্য জেডিপিসি কনফারেন্স রুমের ছাদের ওপর টাইলস্ বসিয়ে সৌন্দর্য বৃদ্ধিপূর্বক ক্রেতাদের বসার স্থান প্রস্তুত করতে হবে। এ ব্যাপারে লিয়াজো অফিসার গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। তিনি আরও জানান, দ্বিতীয় তলা বহুমুখী পাটপণ্য সামগ্রীর শুধু বিক্রয় কেন্দ্র হিসেবে চালু থাকবে এবং নীচতলার প্রদর্শনী কেন্দ্রে নতুন উদ্ভাবিত বহুমুখী পাটপণ্য এবং বিভিন্ন প্রকার পাটের ফেব্রিক্স ও ইয়ার্ন প্রদর্শন করা হবে। | ১। smartjute.com.bd-এর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>২। বহুমুখী পাটপণ্যের প্রচার ও প্রসারের জন্য কনফারেন্স রুমের ছাদের ওপর সৌন্দর্য বৃদ্ধি করে ক্রেতাদের বসার স্থান প্রস্তুত করতে হবে।<br><br>৩। দ্বিতীয় তলায় বহুমুখী পাটপণ্য সামগ্রীর শুধু বিক্রয় কেন্দ্র হিসেবে চালু রাখার এবং নীচতলার প্রদর্শনী কেন্দ্রে নতুন উদ্ভাবিত বহুমুখী পাটপণ্যের ফেব্রিক্স ও ইয়ার্ন প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩.৩ | **জেডিপিসিতে প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের তথ্য সংরক্ষণ।** | ম্যানেজার অপারেশন জনাব মোঃ জাফর সাদেক জানান, আগত ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের সেবা সম্পর্কে ইতিবাচক মন্তব্য প্রদান করেন। সভাপতি জানান, প্রতিমাসে যে সকল ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগমন করেন তাদের লিপিবদ্ধকৃত মতামত সভায় উপস্থাপন করতে হবে। | প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের সেবা সম্পর্কে মতামত লিপিবদ্ধ করে প্রাপ্ত মতামতের সার-সংক্ষেপ প্রতি সভায় উপস্থাপন |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.৪ | Raw Material Bank (RMB) | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, জেইএসসি'র RMB-তে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স এবং ফাইন জুট ফেব্রিক্স (FJF) ক্রয় করা প্রক্রিয়াধীন রয়েছে। | ১। জেইএসসি'র RMB-তে পাটের সুতা, জুট কটন ফেব্রিক্স ও এফজেএফ ক্রয় দ্রুত শেষ করতে হবে। |
| ৩.৫ | **ডি-নথি কার্যক্রম।** | ব্যক্তিগত কর্মকর্তা জনাব হান্নান মিয়াজী জানান, জেডিপিসিতে প্রাপ্ত পত্রসমূহ ডি-নথিতে উপস্থাপন করা হচ্ছে। চলতি মাসে ৯৫.৬৫% কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন হয়েছে। সভাপতি প্রত্যেক কর্মকর্তাকে ৮৫% ডি-নথির মাধ্যমে নথি উপস্থাপন করে এ কার্যক্রমের ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | জেডিপিসি'র প্রত্যেক কর্মকর্তাকে ৮৫% ডি-নথির মাধ্যমে নথি উপস্থাপন করে কার্যক্রম সম্পন্ন করতে হবে। |
| ৩.৬ | **প্রশিক্ষণ সংক্রান্ত।** | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, এপ্রিল/২০২৪ মাসের শেষ সপ্তাহে জেইএসসিতে প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী জেইএসসিগুলোতে এপ্রিল/২০২৪ মাসের শেষ সপ্তাহে উদ্যোক্তা প্রশিক্ষণের আয়োজন করার পরামর্শ দেন। তাছাড়া জেডিপিসি'র কর্মকর্তাদের ইংরেজীর ওপর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গ্রুপ ভিত্তিক প্রশিক্ষণের নির্দেশনাও প্রদান করেন। প্রয়োজনে স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নেয়ার পরামর্শ প্রদান করেন। | ১। এপ্রিল/২০২৪ মাসের শেষ সপ্তাহে জেইএসসিতে উদ্যোক্তা প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>২। জেডিপিসি'র কর্মকর্তাদের ইংরেজীর ওপর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গ্রুপ ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। |
| ৩.৭ | **বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন।** | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী জেলা এবং বিভাগীয় শহরে বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন করা প্রয়োজন।<br>সভাপতি জানান, এপ্রিল/২০২৪ মাসের শেষ সপ্তাহে জেলা এবং বিভাগীয় শহরে মেলার আয়োজন করা যেতে পারে। তিনি আরও বলেন, ফরিদপুর শহর, রংপুর শহর, আড়ং-এর মাঠ লালমাটিয়া, শিশু একাডেমী, শিল্পকলা একাডেমী এবং জাতীয় জাদুঘর শাহাবাগ সম্ভাব্য স্থানে মেলা আয়োজন করা যেতে পারে। | এপ্রিল/২০২৪ মাসের শেষ সপ্তাহে জেলা এবং বিভাগীয় শহরে বহুমুখী পাটপণ্য মেলার আয়োজন করতে হবে। |
| ৩.৮ | **উদ্যোক্তা নিবন্ধন।** | পার্সোনাল অফিসার সৈয়দ জাকারিয়া জানান, নির্ধারিত ফি অনুযায়ী নিবন্ধনের কার্যক্রম চলমান রয়েছে। মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, জেডিপিসি কর্তৃক বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের প্রত্যয়ন পত্র দেয়া প্রয়োজন। তাছাড়া বহুমুখী পাটপণ্যের রপ্তানি সম্পর্কে সঠিক ও নির্ভরযোগ্য পরিসংখ্যান না থাকায় বিভিন্ন সময়ে ও ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হতে হয়। তাই Harmonized System (HS) Codes নির্ধারণ করা প্রয়োজন। সভাপতি জানান, যাচাই বাছাইপূর্বক উদ্যোক্তাদের নিবন্ধন করতে হবে। নিবন্ধিত উদ্যোক্তাদের ডাটাবেইস তৈরি করা যেতে পারে। তাছাড়া Harmonized System (HS) Codes নির্ধারণের জন্য | ১। উদ্যোক্তাদের নবায়ন কার্যক্রম চলমান থাকবে। তবে নিবন্ধিত উদ্যোক্তাদের ডাটাবেইস তৈরি করতে হবে।<br>২। Harmonized System (HS) Codes নির্ধারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.৯ | **বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর।** | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক এর বিষয়ে গত ০৫-০৩-২০২৪ তারিখে পত্র দেয়া হয়েছে। সভাপতি বিজেআরআই এবং জেডিপিসি-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে দ্রুত সমঝোতা স্মারক সম্পন্ন করার পরামর্শ দেন। | দ্রুততম সময়ের মধ্যে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর সাথে প্রযুক্তিগত প্রশিক্ষণ ও উদ্ভাবিত প্রযুক্তিগুলো হস্তান্তরের বিষয়ে সমঝোতা স্মারক সম্পন্ন করতে হবে। |
| ৩.১০ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত কার্যক্রম।** | মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোজাহিদুল ইসলাম জানান, আন্তর্জাতিক/দেশীয় অভিজ্ঞ এবং দক্ষ ডিজাইনার দ্বারা প্রডাক্ট ডেভেলপমেন্ট-এর কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। তাছাড়া তিনি আরও বলেন, জুট জিও-টেক্সটাইল (জেজিটি)-এর ব্যবহার সম্পর্কে প্রচারণার কার্যক্রম অব্যাহত রাখার জন্য জেজিটি ওপর ওয়ার্কশপ এর আয়োজন করা যেতে পারে। | ১। আন্তর্জাতিক/দেশীয় অভিজ্ঞ এবং দক্ষ ডিজাইনার দ্বারা প্রডাক্ট ডেভেলপমেন্ট-এর ওপর ওয়ার্কশপ আয়োজন করতে হবে। |
| ৩.১১ | **জাতীয় পাট দিবস-২০২৪ এর বহুমুখী পাটপণ্য মেলা সংক্রান্ত।** | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, জাতীয় পাট দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গত ১৪ মার্চ ২০২৪ তারিখ থেকে তিন দিনব্যাপী বহুমুখী পাটপণ্য মেলা অনুষ্ঠিত হয়। মেলায় ১১২টি স্টল তৈরি করে জেডিপিসি'র তালিকাভূক্ত উদ্যোক্তাদের বরাদ্দ দিয়ে অংশগ্রহণ করা হয়। বহুমুখী পাটপণ্য মেলা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ায় উদ্যোক্তাগণ সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বহুমুখী পাটপণ্য মেলা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ায় উদ্যোক্তাগণ সন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। |

৪। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪/৪/২০২৪

(গোপাল চন্দ্র দাশ)
যুগ্মসচিব
ও
নির্বাহী পরিচালক, জেডিপিসি